

ব্যাপক উৎসাহ ও উদ্দীপনায় গ্রীসে বাংলা বর্ষবরণ এবং উন্নয়ন মেলা-২০১৭ উদ্ব্যাপিত

প্রবাসী বাংলাদেশিদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণে এথেন্সে বাংলাদেশ দূতাবাস প্রাঙ্গণে ১৪২৪ বাংলা নববর্ষের অনুষ্ঠান ব্যাপক আনন্দ ও উদ্দীপনার সাথে উদ্ব্যাপিত হয়েছে। ১৫ই এপ্রিল ২০১৭ শনিবার সাপ্তাহিক ছুটির দিনে দূতাবাস প্রাঙ্গণে বাংলা বর্ষবরণের লক্ষ্যে দিনব্যাপী সাংস্কৃতিক অনুষ্ঠান ও বাংলাদেশি খাবার উৎসবের সাথে বৈশাখী মেলা আয়োজন করা হয়। এথেন্স এবং নিকটবর্তী শহরসমূহ থেকে আগত শত শত বাংলাদেশি অনুষ্ঠানে অংশগ্রহণ করে। গ্রীসে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত মোঃ জসীম উদ্দিন সকাল ১১.১১ টায় দূতাবাস প্রাঙ্গণে বর্ষবরণ মেলার উদ্বোধন করেন। সকাল থেকেই দূতাবাস প্রাঙ্গণে প্রবাসী বাংলাদেশিগণ ভিড় জমান। বাংলাদেশি পরিবার, নারী-পুরুষ, ছাত্র-ছাত্রী, সর্বস্তরের বাংলাদেশি এবং দূতাবাসের সদস্যগণ মেলাতে অংশগ্রহণ করেন। এসময় বাংলাদেশি নারী-পুরুষ ও শিশুরা লোকজ ও বৈশাখী পোষাকে সজ্জিত ছিলেন। দূতাবাসের কাউন্সেলর (শ্রম) ড. সৈয়দা ফারহানা নূর চৌধুরী এর পরিচালনায় অনুষ্ঠিত সাংস্কৃতিক অনুষ্ঠানে দূতাবাসের সদস্যবৃন্দ, স্থানীয় দোয়েল সাংস্কৃতিক সংগঠনের শিল্পীবৃন্দ এবং শিশু-কিশোররা বৈশাখী ও লোকজ সংগীত, কবিতা, নৃত্য ইত্যাদি পরিবেশন করেন। শত শত নারী-পুরুষের আগমনে কলকাকলিতে মুখরিত হয় দূতাবাস এবং সৃষ্টি হয় এক বর্ণিল মনোরম পরিবেশের। মেলায় আগমনকারীরা বিভিন্ন স্টলে বাংলাদেশি পণ্য দর্শন এবং বাংলাদেশি খাবারও আশ্বাদন করেন। প্রবাসী বাংলাদেশিরা বাংলা বর্ষবরণ উপলক্ষে দূতাবাসে তৈরি বৈশাখী স্বাক্ষরলিপিতে তাঁদের স্বাক্ষরসহ অনুভূতি ব্যক্ত করেন। বাংলার ঐতিহ্যবাহী টেকি, বৈশাখী আবহে স্টলসহ দূতাবাস প্রাঙ্গণ হয়ে ওঠে একটুকরো বাংলাদেশ। এ বছর প্রথমবারের মত আয়োজন করা হয় বৈশাখী মঙ্গল শোভাযাত্রা। বিপুল উৎসাহে প্রবাসী বাংলাদেশীরা বাদ্যযন্ত্র সহকারে এ শোভাযাত্রায় অংশ নেয়। এছাড়া, দূতাবাসে একটি র‍্যাফেল ড্র অনুষ্ঠিত হয়। মান্যবর রাষ্ট্রদূত ও তাঁর পত্নী বিজয়ীদের মাঝে আকর্ষণীয় পুরস্কার বিতরণ করেন। বাংলা বর্ষবরণ অনুষ্ঠানসমূহ প্রবাসী বাংলাদেশিদের জন্য বয়ে আনে আনন্দ, বন্ধন, সৌহার্দ্য আর সম্প্রীতি।

বর্ষবরণের দিনে দূতাবাস চত্বরে বৈশাখী মেলার পাশাপাশি আয়োজন করা হয় ‘উন্নয়ন মেলা’। এ উপলক্ষে দূতাবাসের হলরুমসহ দূতাবাস চত্বর বাংলাদেশের উন্নয়নের চিত্র সম্বলিত বর্ণিল পোস্টার, ব্যানার, ফেস্টুনে সজ্জিত করা হয়। এতে সরকারের উন্নয়ন কার্যক্রম, মাননীয় প্রধানমন্ত্রীর ভিশন-২০২১ এবং ভিশন-২০৪১ সহ শিক্ষা, কৃষি, স্বাস্থ্য যোগাযোগ, আইসিটি, টেলিকমিউকেশন, নারীর ক্ষমতায়ন, এমডিজিতে বাংলাদেশের সাফল্য, দারিদ্রদূরীকরণের মত আর্থ-সামাজিক উন্নয়নকে তুলে ধরা হয়। আর্থ-সামাজিক উন্নয়নের পাশাপাশি কূটনৈতিক ক্ষেত্রে বাংলাদেশের অর্জন, বহির্বিশ্বে বলিষ্ঠ উপস্থিতিসহ গতিশীল পররাষ্ট্রনীতিকেও উপস্থাপন করা হয় এই উন্নয়ন মেলায়। এই মেলায় দিনব্যাপী বাংলাদেশের উন্নয়নমূলক প্রামাণ্যচিত্র প্রদর্শন করা হয়।

গ্রীসে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত মোঃ জসীম উদ্দিন মেলায় আগত গ্রীক এবং বাংলাদেশি দর্শনার্থীদেরকে বাংলাদেশের আর্থ-সামাজিক উন্নয়ন সম্পর্কে অবহিত করেন। দূতাবাসের প্রথম সচিব সুজন দেবনাথ এর সঞ্চালনায় অনুষ্ঠিত এই আয়োজনে রাষ্ট্রদূত বলেন, মাননীয় প্রধানমন্ত্রীর ভিশন-২০২১ এবং ভিশন-২০৪১ বাস্তবায়নের মাধ্যমে বাংলাদেশ উন্নত দেশ হবার পথে এগিয়ে যাচ্ছে। রাষ্ট্রদূত প্রবাসীদের এই উন্নয়ন অগ্রযাত্রায় সক্রিয় ভাবে সামিল হতে আহ্বান জানান। উন্নয়ন মেলায় বিপুল দর্শক উপস্থিত ছিলেন। তারা বাংলাদেশের উন্নয়ন কার্যক্রমের ভূয়শী প্রশংসা এবং সর্বাঙ্গীণ মঙ্গল কামনা করেন।

বর্ষবরণ উৎসব এবং উন্নয়ন মেলা গ্রীস প্রবাসীদের মধ্যে বিপুল উদ্দীপনার সঞ্চার করেছে।